

স্বাক্ষরিত  
২৭/৪/২০২২  
২৭/৪/২০২২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পারফরমেন্স বেজড গ্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস, এসইডিপি  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
E-mail : [pbgsedp2021@gmail.com](mailto:pbgsedp2021@gmail.com)



তারিখ : ০৪ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ  
১৭ এপ্রিল ২০২২ খ্রি.

বিষয় : "পারফরমেন্স বেজড গ্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই)" শীর্ষক স্কিমের আওতায় উপজেলা শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার এবং উচ্চ মাধ্যমিক সমাপনী পুরস্কার প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীর মোবাইল একাউন্ট সংগ্রহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) এর আওতাভুক্ত "পারফরমেন্স বেজড গ্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই)" শীর্ষক স্কিমের কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। মাধ্যমিক শিক্ষার গুণগত মান বৃদ্ধিকরণ, মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের ফলাফল এবং শিক্ষা পদ্ধতির কার্যকারিতা উন্নত করা, শিক্ষার্থী, শিক্ষক এবং প্রতিষ্ঠানসমূহে অর্থনৈতিক সহায়তা প্রদান করার মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনা ব্যবস্থাপনা শক্তিশালীকরণের লক্ষ্যে এ স্কিমের আওতায় উপজেলা শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার, উচ্চ মাধ্যমিক সমাপনী পুরস্কার, উপজেলা শ্রেষ্ঠ শিক্ষক পুরস্কার, ব্যবস্থাপনা পুরস্কার, প্রতিষ্ঠান ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান ও সচেতনতা প্রচারাভিযান অনুদান প্রদানের সংস্থান রয়েছে। উক্ত পুরস্কার ও অনুদানের কার্যক্রম পর্যায়ক্রমে শুরু করা হবে।

০২। পিবিজিএসআই স্কিমের মাধ্যমে সারাদেশে জেএসসি, জেডিসি, এসএসসি, দাখিল এবং মাউশি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাভুক্ত সমমান কারিগরি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের উপজেলাভিত্তিক উপজেলা শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার (UBSA) দশ হাজার টাকা করে প্রতি উপজেলায় ১০ জন) এবং উচ্চ মাধ্যমিক/আলিম/সমমান কারিগরি সমাপনী পুরস্কার (HSCA/ACA) (পঁচিশ হাজার টাকা করে প্রতি উপজেলায় ১০ জন) প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড থেকে ২০২০ সালের এসএসসি, দাখিল, সমমান কারিগরি এবং এইচএসসি, আলিম, সমমান কারিগরি পরীক্ষায় উত্তীর্ণ সর্বোচ্চ নম্বরের শিক্ষার্থীর তথ্য সংগ্রহ করা হয়েছে। উক্ত শিক্ষার্থীদের পুরস্কার প্রদানের লক্ষ্যে পিবিজিএসআই স্কিম কর্তৃক গঠিত নিম্নলিখিত নীতিমালা অনুসরণপূর্বক মোবাইল একাউন্ট নম্বর সংগ্রহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো-

- শিক্ষার্থীদের পুরস্কারের অর্থ শিক্ষার্থীর মোবাইল ব্যাংক একাউন্ট/তফসিলি ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে।
- পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীর সনদ ও ক্রেস্ট কোনো জাতীয় দিবস অথবা অন্য কোনো সুবিধাজনক সময়ে অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে প্রদান করা হবে।
- শিক্ষার্থীর নিজ নামে অথবা পিতা/মাতা/আইনসম্মত অভিভাবকের NID নম্বর দিয়ে খোলা কোন তফসিলী ব্যাংকের একাউন্ট অথবা তাদের নিজ নামে রেজিস্টার্ড মোবাইল অপারেটরের সিম দিয়ে খোলা মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর হতে হবে।
- নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য Compile করা এবং মোবাইল একাউন্ট নম্বর সংগ্রহের লক্ষ্যে ACF (Award Confirmation Form) প্রস্তুত করা হয়েছে, যার Hard copy পত্রের সাথে এবং Soft copy উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের e-mail-এ প্রেরণ করা হলো।
- বোর্ড থেকে সংগৃহীত/পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যের Hard copy পত্রের সাথে এবং Soft copy সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের e-mail-এ প্রেরণ করা হলো। প্রেরিত তথ্য থেকে প্রয়োজনীয় অংশ কপি/এন্ট্রি করে এবং শিক্ষার্থীর মোবাইল একাউন্ট নম্বর সংগ্রহ করে ACF পূরণ করতে হবে।
- প্রস্তুতকৃত ACF-এর Soft copy এগ্রেজ শিটে স্কিমের e-mail ([acf.pbgsi.sedp@gmail.com](mailto:acf.pbgsi.sedp@gmail.com)) - এ এবং Hard copy স্কিম দপ্তরে (কম নং- ৫০৮, শিক্ষা ভবন, ২য় ব্লক, ১৬-আব্দুল গণি রোড, ঢাকা) পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে প্রেরণ করতে হবে।

২৭/৪/২২  
(প্রফেসর চিত্ত বস্তু দেবনাথ)  
স্কিম পরিচালক  
ফোন: ০২-২২৬৬৩৭৩০০

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
উপজেলা : .....  
জেলা : .....

স্মারক নং-পিবিজিএস/এসইডিপি/মাঠপর্যায়ে যোগাযোগ/১৮/২০২১/১২২ (৪২৬)

তারিখ : ০৪ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ  
১৭ এপ্রিল ২০২২ খ্রি.

- অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
  - ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
  - ৩। অতিরিক্ত সচিব ও ন্যাশনাল প্রোগ্রাম কো-অর্ডিনেটর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
  - ৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
  - ৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
  - ৬। প্রোগ্রাম কো-অর্ডিনেটর ও অতিরিক্ত সচিব, এসইডিপি, পিসিইউ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
  - ৭। আঞ্চলিক পরিচালক, অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
  - ৮। জেলা প্রশাসক, জেলা, .....
  - ৯। আঞ্চলিক উপপরিচালক, অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
  - ১০। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা, .....
  - ১১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা, .....
  - ১২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, .....
  - ১৩। সংরক্ষণ নথি।

২৭/৪/২০২২  
(শাহনাজ পারভীন কাজল)  
উপপরিচালক  
ফোন: ০২-২২৬৬৩৭৪১০

স্বাক্ষর :   
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
ফুলগাজী, ফেনী।  
তারিখ : ০৪ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ  
১৭ এপ্রিল ২০২২ খ্রি.